The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা
উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 843 | 08 November 2024 | শুক্রবার ২৩ আর্তিক ১৪৩১


Trump presidency offers Mayor Adams a path to pardon, but it comes with political risk
>> Page 18

I want to focus on small screen for now: Keya Payel
>> Page 19



NYCHA tenants sue city for not disclosing violations
>> Page 18

Harris calls Trump, concedes
>> Page 18


# একচ্ছত্র ক্ষমতার মসনদে ট্রাম্প

হাসান মাহমুদ

ডলারের কাছে পাউন্ড-ইউরোর দরপতন
শেয়ারবাজার চাঙ্গা
২০ জানুয়ারি শপথ



যুক্তরাষ্ট্রের ৪৭তম প্রেসিডেন্ট হিসেবে রিপাবলিকান দলের নেতা ডনাল্ড ট্রাম্প নতুন ইতিহাস গড়লেন। ভোটের পাহাড় দেখে প্রতিপক্ষ শিবির রিতিমত বিস্মিত, হতবাক। একজন প্রবল শক্তিশালি ও জনপ্রিয় প্রেসিডেন্ট প্রার্থী হিসেবে এই মুহূর্তে তাঁর বিকল্প কেউ নেই। প্রমাণ করতে পেরেছেন, জনতা তাদের ভালোবাসায় ডনাল্ড ট্রাম্পকে ভোটের জোয়ারে ভাসিয়ে দিয়েছেন। তিনি কতটা জনপ্রিয় প্রেসিডেন্ট তা ১৩২ বছরের ভোটের ইতিহাসকে ভেঙ্গে দিয়ে নির্বাচিত হয়ে দৃষ্টান্ত স্থাপন করেছেন। তাঁর যে নতুন সরকার গঠন হতে যাচ্ছে তাতে সিনেট এবং হাউজ রিপাবলিকানদের প্রভাব বলয়ের মধ্যেই থাকছে। কমালা হ্যারিস নির্বাচনে হেরে যাবার পাশাপাশি তাঁর ডেমোক্র্যাট দলের হাতে সিনেট এবং হাউজে কোন নিয়ন্ত্রণ থাকলো না। সেখানেও তারা পিছিয়ে পড়েছেন। ট্রাম্প সরকার এককভাবে আগামী কংগ্রেসে তাদের শক্তিশালি অবস্থান জাগিয়ে রাখতে পারবে পুরো মেয়াদকাল। সিনেটে ৫১ জন নির্বাচিত হলেই মেজরিটি পাওয়া যায়। সেখানে রিপাবলিকানরা ৫২টি আসন দখলে নিয়েছেন। ডেমোক্র্যাটরা পেয়েছেন ৪৫টি। হাউজে রিপাবলিকানরা পেয়েছেন ২০৯ এবং ডেমোক্র্যাটরা পেয়েছে ১৯৪। এই ব্যবধানের কারণে ট্রাম্প সরকার এককভাবে অনেক এরপর ৩৯ পৃষ্ঠায়

# সুইজারল্যান্ডে আসিফ নজরুল অপদস্থ




আজকাল রিপোর্ট

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক প্রভাবশালী উপদেষ্টা ড. আসিফ নজরুলকে সুইজারল্যান্ডের অন্যতম শহর জেনেভা বিমানবন্দরে একদল দুর্বৃত্ত অপদস্থ করেছে বলে জানা গেছে। ৭ নভেম্বর বিকেলে এই ঘটনার পর স্থানীয়দের মধ্যে ব্যাপক প্রতিক্রিয়া দেখা দেয়। সুইজারল্যান্ডের জেনেভাস্থ বাংলাদেশ দূতাবাস ও স্থায়ী মিশনের একটি সূত্রে জানা গেছে, আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) গভর্নিং বডি এবং সংস্থাটির গুরত্বপূর্ণ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক শেষে ৭ নভেম্বর দেশে ফেরার জন্য এরপর ৩৯ পৃষ্ঠায়

অধ্যাদেশের খসড়া চূড়ান্ত

# অন্তর্বর্তীকালীন সরকার নিয়ে আদালতে প্রশ্ন তোলা যাবে না

নতুন প্রধানমন্ত্রী দায়িত্বভার গ্রহণ পর্যন্ত অন্তর্বর্তীকালীন সরকারের মেয়াদ

আজকাল রিপোর্ট

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত নতুন প্রধানমন্ত্রী দায়িত্বভার গ্রহণের দিন পর্যন্ত বর্তমান অর্ন্তবর্তীকালীন সরকারের মেয়াদ থাকবে। প্রধান উপদেষ্টা ও উপদেষ্টাদের পদমর্যাদা আগের মতোই। উপদেষ্টা পরিষদে নিয়োগ পাবেন না ২৫ বছরের কম বয়সিরা। পাশাপাশি অর্ন্তবর্তীকালীন সরকারের বৈধতা নিয়ে আদালতে প্রশ্নও তোলা যাবে না। জরুরি অবস্থা ঘোষণার বৈধতার জন্য প্রধান উপদেষ্টার পরামর্শ নিতে হবে। অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠানে এবং সংবিধান বা অন্য কোনো আইন নির্ধারিত দায়িত্ব পালনে নির্বাচন কমিশনকে সহায়তা করবে সরকার- এমন বিধান রেখে অন্তর্বর্তীকালীন সরকারকে আইনি কাঠামোর মধ্যে আনা হয়েছে।

গত ১৯ সেপ্টেম্বর অর্ন্তবর্তীকালীন সরকার অধ্যাদেশ, ২০২৪-এর খসড়ায় চূড়ান্ত অনুমোদন দিয়েছে উপদেষ্টা পরিষদ। শিগগিরই মন্ত্রিপরিষদ এ সংক্রান্ত অধ্যাদেশ জারি হতে পারে।

এ বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব ড. শেখ আব্দুর রশিদ গণমাধ্যমকে বলেন, উপদেষ্টা পরিষদের বৈঠকে অধ্যাদেশের খসড়া অনুমোদন দেওয়ার পর অধিকতর পরীক্ষা-নিরীক্ষা চলছে। চূড়ান্ত হলে নিয়মানুযায়ী অধ্যাদেশ আকারে আদেশ জারি করা হবে। সংশিষ্ট সূত্র বলছে, সংবিধানে এরপর ২৯ পৃষ্ঠায়



# যুক্তরাষ্ট্রের নির্বাচনে ছয় বাংলাদেশির জয়

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের নির্বাচনে ৬ বাংলাদেশি নির্বাচিত হয়েছেন। জর্জিয়া, কানেকটিকাট, নিউ হ্যাম্পশায়ার, নিউইয়র্ক ও নিউজার্সি প্রেইন্স বরো টাউনশিপ থেকে নির্বাচিত হয়েছেন তারা। ৬ নভেম্বর অনুষ্ঠিত এই নির্বাচনে রিপাবলিকান পার্টি ঐতিহাসিক বিজয়ের স্বাদ পেয়েছে। নির্বাচনে বিজয়ী বাংলাদেশিরা হলেন, কানেকটিকাট স্টেট সিনেটর মাসুদুর রহমান, জর্জিয়া স্টেট সিনেটর পদে ডেমোক্রাট প্রার্থী শেখ এম. রহমান ও একই স্টেটের আরেকটি ডিস্ট্রিক্ট থেকে সিনেটর হিসেবে নির্বাচিত নাবিলা ইসলাম, নিউজার্সি প্রেইন্স বরো টাউনশিপের কাউন্সিলম্যান ড. এরপর ২৯ পৃষ্ঠায়

# বাংলাদেশি মালিকানাধীন হোমকেয়ারের বিরুদ্ধে ৫ মিলিয়ন ডলারের মামলা

আজকাল রিপোর্ট




মেটারনিটি ছুটিকালীন চাকুরিচ্যুত করার অভিযোগে বাংলাহোম কেয়ার ইনক-এর বিরুদ্ধে ৫ মিলিয়ন ডলারের ক্ষতিপূরণ মামলা করেছে প্রতিষ্ঠানটির সাবেক কর্মী ওলাজুমোকে কুডোয়ো। প্রতিষ্ঠানটি ও এর সিইও নাজিম উদ্দিনের বিরুদ্ধে লিঙ্গ বৈষম্যের অভিযোগে গত ১০ অক্টোবর এ মামলা করা হয়। এর বিপরীতে বিবাদীদের বিরুদ্ধে সমন জারি করেছেন নিউইয়র্ক স্টেট সুপ্রিম কোর্ট।

এতে অভিযোগের বিষয়ে নোটিশ পাওয়ার ২০ দিনের মধ্যে অথবা নোটিশ জারির ৩০ দিনের মধ্যে এর জবাব দিতে হবে। অন্যথায় বিবাদীর অনপুস্থিতিতেই দাবীকৃত ক্ষতিপূরণের বিষয়ে রায় দেয়া হবে। মামলার বিবরণীতে অভিযোগ করা হয়, ওলাজুমোকে কুডোয়ো ২০২১ এরপর ৩৯ পৃষ্ঠায়

# 'যুক্তরাষ্ট্র-বাংলাদেশ সম্পর্কে বড় প্রভাব পড়বে না'

মাসুদ করিম, *ঢাকা থেকে*

যুক্তরাষ্ট্রে ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায় বাংলাদেশের সঙ্গে সম্পর্কে বড় প্রভাব পড়বে না। ওয়াশিংটনের স্বার্থ সুরক্ষায় অভিন্ন বিষয়গুলোতে প্রায় এক রকম অবস্থাই থাকবে। তবে ট্রাম্পের কিছু প্রবণতা সম্পর্ককে প্রভাবিত করতে পারে। বিশেষ করে ডোনাল্ড ট্রাম্প একজন ব্যবসায়ী এরপর ২৬ পৃষ্ঠায়



# ভারত হাসিনাকে 'প্রধানমন্ত্রী' মনে করে না

আজকাল রিপোর্ট

শেখ হাসিনাকে 'বাংলাদেশের প্রধানমন্ত্রী' উল্লেখ করে আওয়ামী লীগ এক বিবৃতিতে নবনির্বাচিত মার্কিন এরপর ২৯ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312033

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs · Inquiries · Collections · Garnishment · Bankruptcy · Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42. 72nd St. Suite#1D. Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED
President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

MHC

# Marks Home Care

## মার্কস্ হোম কেয়ার



আমরা নূতন গ্রাহক এবং
এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।

**We Welcome Agency Transfers and New Clients.**

- প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

বিস্তারিত জানতে কল করুন

**718-734-8777**

E-mail : info@markshhc.com | www.markshhc.com

### Bronx
1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

2002 Mcgraw Ave
Bronx, NY 10462

721 E Tremont Ave
Bronx, NY 10457

### Brooklyn
219 Church Ave
Brooklyn, NY 11218

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

1122 Coney Island Ave
Suite 220 (2nd Fl.)
Brooklyn, NY 11230

1104 Liberty Ave
Brooklyn, NY 11208

6910 5th Ave (2nd Fl.)
Brooklyn NY 11209

1061 Flatbush Ave
Brooklyn NY 11226

### Hicksville
217 Bethpage Road
Hicksville, NY 11801

### Binghamton
61 Washington Ave
Endicott, NY 13760

### Queens
40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights, NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

### Rochester
504 W Main St
Rochester, NY 14608

### Manhattan
1791 Lexington Ave
New York, NY 10029

1267 St Nicholas Ave
New York, NY 10033

### Buffalo
1049 Broadway St. Suite # 4
Buffalo, NY 14212

96 Grant St.
Buffalo. NY 14213

* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক





Captain Mahfuzul Haque

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার


### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic



আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

1217 Liberty Avenue, Brooklyn, NY 11208

সম্পাদকীয়

# ট্রাম্পের ঐতিহাসিক প্রত্যাবর্তন

ফৌজদারি অপরাধে দণ্ডিত হওয়ার পর সাবেক কোনো মার্কিন প্রেসিডেন্ট আবারও হোয়াইট হাউসে ফিরে এসেছেন-এমন রেকর্ড নেই দেশটিতে। তা ছাড়া ডোনাল্ড ট্রাম্প যেভাবে ফের মার্কিন মসনদে বসছেন, তাতে ভেঙেছে ১৩২ বছরের এক রেকর্ড। একবার হেরে গিয়ে আবারও যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার এর আগের রেকর্ডটি হয়েছিল ১৮৯৩ সালে। কাজেই সারা বিশ্বের কোটি কোটি মানুষকে যেভাবে মোহাচ্ছন্ন করে ফের হোয়াইট হাউসে ফিরে আসছেন ডোনাল্ড ট্রাম্প, তা এক ঐতিহাসিক প্রত্যাবর্তনই বটে। মঙ্গলবারের প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী ডেমোক্রেটিক পার্টির কমলা হ্যারিসকে বড় ব্যবধানে ধরাশায়ী করে এ ঐতিহাসিক বিজয় অর্জন করেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বিজয় নিশ্চিত হওয়ার পর ফ্লোরিডার ওয়েস্ট পাম বিচে দেওয়া ভাষণে তিনি বলেন, 'এটি আমেরিকান জনগণের জন্য একটি দুর্দান্ত বিজয়। এটি আমেরিকাকে আবারও মহান করার সুযোগ দেবে। এটি হবে যুক্তরাষ্ট্রের স্বর্ণযুগ।' এদিকে বিজয়ের পর যুক্তরাষ্ট্রজুড়ে শুরু হয়েছে ট্রাম্প ভক্তদের উচ্ছ্বাস। বিশ্বনেতাদের অভিনন্দনে ভাসছেন ডোনাল্ড ট্রাম্প। টানটান উত্তেজনার এ নির্বাচনে স্থানীয় সময় মঙ্গলবার রাতে যখন একে একে ফল ঘোষণা হতে থাকে, তখনই যেন নিশ্চিত হয়ে যায় কে হচ্ছেন বিশ্বের সবচেয়ে প্রভাবশালী দেশটির ৪৭তম প্রেসিডেন্ট। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হওয়ার জন্য প্রয়োজন ২৭০ ইলেকটোরাল কলেজ ভোট। ট্রাম্প শুধু সে ম্যাজিক ফিগার ছুঁয়েই ফেলেননি, অতিক্রমও করেছেন। তার ২৯৪ ইলেকটোরাল কলেজ ভোটের বিপরীতে প্রতিদ্বন্দ্বী কমলা হ্যারিস পেয়েছেন মাত্র ২২৩টি। ট্রাম্প মোট পপুলার ভোট পেয়েছেন ৭ কোটি ১৭ লাখ ৯৬ হাজার ৮৬১। অন্যদিকে কমলা হ্যারিস পেয়েছেন ৬ কোটি ৬৯ লাখ ১৭ হাজার ৫৮৮। ট্রাম্প পেয়েছেন ৫০.৯ শতাংশ ভোট। আর কমলা পেয়েছেন ৪৭.৪ শতাংশ ভোট। অর্থাৎ প্রায় সাড়ে তিন পয়েন্ট এগিয়ে আছেন ডোনাল্ড ট্রাম্প। অথচ নির্বাচন পূর্ববর্তী জনমত জরিপগুলোতে সবসময় এগিয়ে ছিলেন কমলা হ্যারিস। সর্বশেষ জরিপেও কমলা এক পয়েন্ট ব্যবধানে এগিয়ে ছিলেন। সব জরিপকে মিথ্যা প্রমাণ করে ট্রাম্প শুধু প্রেসিডেন্টের জয়ের মালাই ছিনিয়ে নেননি। দিনরাত এক করে যে দোদুল্যমান সাত রাজ্যে প্রচার চালান, সেগুলোতেও দেখিয়েছেন চমক। দুই বছর পর তার দল নিয়ন্ত্রণ নিয়েছে সিনেটের। মার্কিন সিনেটে আসন সংখ্যা ১০০। বর্তমান সিনেটে ডেমোক্রেটিক পার্টি সংখ্যাগরিষ্ঠ। নির্বাচনে নিয়ন্ত্রণ নেওয়ার জন্য দরকার ৫০টি আসন। সেখানে রিপাবলিকান পার্টি পেয়েছে ৫২টি। অন্যদিকে ৪৩টিতে সন্তুষ্ট থাকতে হচ্ছে ডেমোক্র্যাটদের। আর প্রতিনিধি পরিষদে রিপাবলিকানরা ২৯৫টি এবং ডেমোক্র্যাটরা ২২৬টি আসন নিশ্চিত করেছেন। বর্তমান প্রতিনিধি পরিষদে রিপাবলিকানরা সংখ্যাগরিষ্ঠ। তাই সব দিক দিয়ে ঐতিহাসিক নির্বাচনে ৭৮ বছর বয়সী ট্রাম্প ৬০ বছর বয়সী অপেক্ষাকৃত তরুণ এক প্রার্থীকে হারিয়ে যে জাদু দেখালেন, তা সত্যিই বিস্ময়কর। অনেকেই যেখানে মনে করছিলেন যে, এবার হয়তো প্রথম কোনো নারী প্রেসিডেন্ট পাচ্ছে যুক্তরাষ্ট্র। তাদের সে ধারণাকে অনির্দিষ্টকালের জন্য বিলম্বিত করে ট্রাম্প যেভাবে নির্বাচিত হলেন, তা ১৩২ বছর আগের এক ইতিহাস মনে করিয়ে দিচ্ছে। কারণ, একবার হেরে গিয়ে আবারও যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার যে রেকর্ড ট্রাম্প গড়েছেন, তা এর আগে সর্বশেষ ঘটেছিল ১৩২ বছর আগে। গ্রোভার ক্লিভল্যান্ড ১৮৮৫-১৮৮৯ এবং ১৮৯৩-১৮৯৭ সাল পর্যন্ত দুই দফায় প্রেসিডেন্টের দায়িত্ব পালন করেন। মাঝে চার বছর হোয়াইট হাউসের বাইরে ছিলেন তিনি। ক্লিভল্যান্ডের সঙ্গে ট্রাম্পের একটা বড় পার্থক্য, প্রেসিডেন্ট হওয়ার আগে ক্লিভল্যান্ড নিউইয়র্কের গভর্নর ছিলেন। কিন্তু ২০১৭ সালে প্রেসিডেন্ট হওয়ার আগে কোনো সরকারি প্রতিষ্ঠানের দায়িত্ব নেওয়ার অভিজ্ঞতা ছিল না ট্রাম্পের। যাহোক, নির্বাচনে জিতে ট্রাম্প হতে যাচ্ছেন সবচেয়ে বেশি বয়সে নির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট। তার বয়স এখন ৭৮ বছর। এর আগে জো বাইডেন ৭৭ বছর বয়সে প্রেসিডেন্ট নির্বাচিত হন। একের পর এক মামলা মোকদ্দমায় জড়িয়ে পড়া ও ফৌজদারি অপরাধে দণ্ডিত হওয়ার পরও নির্বাচনী প্রচার থেকে একচুলও পিছপা হননি ডোনাল্ড ট্রাম্প। নির্বাচনী প্রচার সমাবেশে কানের লতি ছুঁয়ে গুলি চলে যাওয়ার পর 'ফাইট ফাইট' বলে মুষ্টিবদ্ধ হাতের সেই দৃশ্যটি যেন বলে দেয় নির্বাচনে জিততে কতটা মরিয়া তিনি। ভাষণ দেওয়ার সময় তিনি তার স্ত্রী মেলানিয়া ট্রাম্পকে ধন্যবাদ জানান। মঞ্চে উপস্থিত মেলানিয়াকে 'ফার্স্টলেডি' হিসেবে সম্বোধন করেন ট্রাম্প। বলেন, মানুষকে সহায়তার জন্য মেলানিয়া অনেক পরিশ্রম করেন। এ সময় উচ্ছ্বসিত ট্রাম্প তার স্ত্রী মেলানিয়ার গালে চুমু খান। মঞ্চে উপস্থিত থাকা সন্তানদেরও ধন্যবাদ জানান ট্রাম্প। পাশে দাঁড়িয়ে থাকা সন্তানদের প্রত্যেকের নাম উল্লেখ করেন তিনি। তাদের 'চমৎকার সন্তান' বলে অভিহিত করেন ট্রাম্প।

> প্রতিনিধি পরিষদে রিপাবলিকানরা ২৯৫টি এবং ডেমোক্র্যাটরা ২২৬টি আসন নিশ্চিত করেছেন। বর্তমান প্রতিনিধি পরিষদে রিপাবলিকানরা সংখ্যাগরিষ্ঠ। তাই সব দিক দিয়ে ঐতিহাসিক নির্বাচনে ৭৮ বছর বয়সী ট্রাম্প ৬০ বছর বয়সী অপেক্ষাকৃত তরুণ এক প্রার্থীকে হারিয়ে যে জাদু দেখালেন, তা সত্যিই বিস্ময়কর

# এক যুগ আগে ড. ইউনূসকে যা বলেছিলাম

বঙ্গবীর কাদের সিদ্দিকী, বীরউত্তম



আলাপ-আলোচনার মাঝে বলেছিলাম, শুধু গ্রামীণ ব্যাংক নিয়ে না ভেবে আপনি যদি বাংলাদেশ নিয়ে ভাবতে পারেন, ৮৪ লাখের জায়গায় ১৬ কোটি নিয়ে ভাবতে পারেন তাহলেই আমাদেরকে পেতে পারেন এবং দেশবাসীকে পাবেন। আমার কথায় তিনি পুলকিত হয়েছিলেন। প্রতিশ্রুতি দিয়েছিলেন আগামী দিনে তিনি তেমনটাই করবেন।
বৈষম্যবিরোধী আন্দোলনে ছাত্র-যুবকদের সঙ্গে আপামর জনসাধারণ ঝাঁপিয়ে পড়ায় শেখ হাসিনার পতন হয়। দেশের মানুষ আশায় বুক বাঁধে অনেক কিছুর পরিবর্তন হবে। বিশেষ করে ঘুষ-দুর্নীতি, জোর-জবরদস্তি থেকে মানুষ মুক্তি পাবে। খুব একটা তেমন হয়নি। মন্দের ভালো যা হওয়ার মোটামুটি তা হয়েছে। গত ১৫-১৬ বছর কোনোখানে কোনো যোগ্য মানুষের স্থান ছিল না, তা এখন পদে পদে দেখা যাচ্ছে। অতি সম্প্রতি মহামান্য রাষ্ট্রপতি যা বলেছেন, যেভাবে বলেছেন তাতে তার যোগ্যতার কোনো প্রমাণ হয় না। তিনি তার বেতার ভাষণে বললেন, প্রধানমন্ত্রী পদত্যাগ করেছেন এবং আমি তা গ্রহণ করেছি। এরপর মরে গেলেও রাষ্ট্রপতি এ নিয়ে যা বলছেন তার কানাকড়িও বলার কথা না। যোগ্যতা না থাকলে যা হয় তাই হয়েছে। আর কুকর্মের সঙ্গে সারাজীবন জড়িত থাকলে সে কখনো সুস্থির হতে পারে না। তাকে কম বেশি সব সময় অস্থির থাকতে হয়। সেটাই মহামান্য রাষ্ট্রপতির ক্ষেত্রে পদে পদে লক্ষ্য করা যাচ্ছে।
বর্তমান প্রধান উপদেষ্টাকে আমি ভালো জানি, সম্মান করি, বিশ্বাস করি। ২০১২'র দিকে যখন তার গ্রামীণ ব্যাংকের এমডি'র পদ নিয়ে ঝড় বইছিল তখন একদিন ড. কামাল হোসেন কথায় কথায় বলেছিলেন, সিদ্দিকী সাহেব, আপনি একটু ড. ইউনূসের কাছে যান। আপনি গেলে সে সাহস পাবে, জোর পাবে। তার কথায় আমি গিয়েছিলাম। তার আগে প্রধানমন্ত্রী বারবার অধ্যাপক ইউনূসকে সুদখোর বলায় আমার মধ্যেও নানা রকম প্রতিক্রিয়া হচ্ছিল। আমি যাবার পথে গ্রামীণ ব্যাংক নিয়ে, গ্রামীণ ব্যাংকের ৮৪ লাখ গ্রাহককে নিয়ে তার ভাবনা নামে একটি পুস্তিকা ড. কামাল হোসেন আমার হাতে দিয়েছিলেন। ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে দেখা করতে যাওয়ার সময় গ্রামীণ ব্যাংক নিয়ে তার ভাবনা পুস্তিকাটি নিয়ে গিয়েছিলাম। শুধু গ্রামীণ ব্যাংকের স্থলে বাংলাদেশ আর ৮৪ লাখের জায়গায় একটা পেন্সিলে ১৬ কোটি লিখে নিয়েছিলাম। অনেক আলাপ-আলোচনার মাঝে বলেছিলাম, শুধু গ্রামীণ ব্যাংক নিয়ে না ভেবে আপনি যদি বাংলাদেশ নিয়ে ভাবতে পারেন, ৮৪ লাখের জায়গায় ১৬ কোটি নিয়ে ভাবতে পারেন তাহলেই আমাদেরকে পেতে পারেন এবং দেশবাসীকে পাবেন। আমার কথায় তিনি পুলকিত হয়েছিলেন। প্রতিশ্রুতি দিয়েছিলেন আগামী দিনে তিনি তেমনটাই করবেন। আজ যখন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান তখন কথাগুলো ভাবি। বয়স একেবারে কম হয়নি। রাষ্ট্রের সর্বোচ্চ পর্যায়ে কী হয়, কীভাবে হয়, কেন হয় এসবের কিছুই যে বুঝি না তাও নয়। অধ্যাপক ড. ইউনূসের এই সময় রাষ্ট্র চালানো বেশ কঠিন। কিন্তু মোটেই অসম্ভব নয়। তার দৃঢ়তা অনেক সমস্যার সহজ সমাধান হতে পারে। তাকে আওয়ামী কিছু লোক একেবারেই পছন্দ করে না এটা যেমন সত্য তেমনি অসংখ্য মানুষের আস্থা তার প্রতি আছে- এটাও এক চরম সত্য। এখন প্রশ্ন হচ্ছে দক্ষতা ও যোগ্যতার। আমার ভুল হতে পারে। কিন্তু আমি এখনো বাংলাদেশের প্রেক্ষাপটে তাকেই প্রধান দক্ষ, যোগ্য ও অভিজ্ঞ মানুষ হিসেবে মনে করি। কে তাকে অনুরোধ করলো, কে অনুনয় বিনয় করে প্রধান উপদেষ্টা বানালো এটা বড় কথা নয়। এটা বড় কথা, দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের সমর্থন, আস্থা, বিশ্বাস ও ভালোবাসা তার প্রতি রয়েছে।
বৈষম্যবিরোধী আন্দোলনের সংগঠকরা এক অসাধ্য সাধন করেছে। বাংলাদেশ সত্যিই অসাধ্য সাধনের দেশ, দুঃসাধ্য বাস্তবায়নের দেশ। সেক্ষেত্রে ছাত্র-যুবক, অসন্তুষ্ট জনসাধারণের অংশগ্রহণে বিগত সরকারের পতন ঘটেছে। বিপ্লবে নেতৃত্বদানকারী ছাত্রদের, যুবকদের সারা দেশব্যাপী কখনো কোনো দৃঢ় সংগঠন ছিল না, এখনো হয়তো নেই। কিন্তু তারা যদি অহংকারী না হয়, তারা যদি বাস্তব বুঝতে চেষ্টা করে এবং তারাই দেশের মালিক-মোক্তার না ভাবে তাহলে তাদের সফলতা কেউ ঠেকাতে পারবে না। এটা খুবই সত্যি- দেশে বড় বড় দল বহু আছে। দলগুলোর সাংগঠনিক কাঠামো আছে। কিন্তু সব থেকে বড় কথা কোনো দলের প্রতি সাধারণ মানুষের গভীর শ্রদ্ধা ও নিবিড় আস্থা ও বিশ্বাস ছিল না, এখনো অনেকেই তা অর্জন করতে পারেনি। যতক্ষণ জাতীয় দলগুলো মানুষের আস্থা অর্জন করতে না পারবে ততক্ষণ নিশ্চয়ই দলীয় কাঠামো একটা শক্তি তাদের থাকবেই, কিন্তু কোনো লক্ষ্যেই পৌঁছতে, কেননো ↘ এরপর ২৩ পৃষ্ঠায়

> কারও কোনো সামাজিক মর্যাদা নেই। শিক্ষা আর শিক্ষা নেই। শিক্ষা কেমন যেন ব্যবসায় পরিণত হয়েছে। আগে শিক্ষকরা ছিল পিতার মতো, এখন শিক্ষকরা অনেকটা তেমন নেই। কতো খারাপ শব্দ ব্যবহার করবো? কোনো শব্দই তাদের পরিপূর্ণভাবে প্রকাশ করা যাবে না। কবে যে এইসব অসঙ্গতি থেকে মুক্তি পাবো- সদা সর্বদা শুধু তাই ভাবি

# 'একজন ইয়াহিয়া সিনওয়ার, জায়েনিষ্ট ও আমেরিকা' পশ্চিমাদের আতংক

শাহাব উদ্দীন



ইয়াহিয়া ইব্রাহিম হাছান আল সিনওয়ার। ডাকনাম ছিল আবু ইব্রাহিম (কুনিয়া)। ১৯৪৮ সালের যুদ্ধের ইসরায়েল রাষ্ট্র প্রতিষ্ঠার পর 'আশকেলন শহর' থেকে তার পিতা-মাতা পৈত্রিক বসতবাড়ি থেকে বিতাড়িত হন। গাজার খান ইউনুস শহরের রিফুউজি ক্যাম্পে আশ্রয় নেন। ১৯৬২ সালের ২৯ অক্টোবর এই ক্যাম্পেই তার জন্ম।
তার আরেক সহদরের নাম ছিল মোহাম্মদ সিনওয়ার। এই শহরেই বড়ো হওয়া। তিনি খান ইউনুস শহরের প্রাইমারি স্কুল ও বয়েজ হাই স্কুল থেকে শিক্ষা নিয়ে গাজার ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে আরবি ভাষার উপর ব্যাচেলর ডিগ্রি লাভ করেন। ছোট বেলা থেকেই তিনি ছিলেন অত্যন্ত ধার্মিক, তীক্ষ্ণ বুদ্ধি সম্পন্ন, মেধাবী। এক সময় তাদের সবই ছিল। কিন্তু ইহুদিদের অত্যাচার নির্যাতনের কারনে নিজেদের বাড়িঘর হারা উদবাস্তু শিবিরে ,বাবা মায়ের দু:খ কষ্টের মধ্যে বড়ো হন সিনওয়ার। নিজের তিন সন্তান সহ বাবা মায়ের সাথে ছিল তার পরিবার । তাই প্রতিশোধের নেশায় বুকের ভিতর চাপা আগুন দাউ দাউ করে জ্বলছিল। সেই সময় খান ইউনুসে মুসলিম ব্রাদার হুডের ঘাটি ছিল। শিক্ষা জীবন শেষ করে ই তিনি মুসলিম ব্রাদার হুডে যোগ দিয়ে সংঘটিত ও শক্তিশালী সংঘঠন হিসেবে গড়ে তোলেন। পরবর্তীতে যা হামাসের শক্তিশালী সংঘঠন হিসেবে গড়ে উঠে। ১৯৮২ সালে সিনওয়ার প্রথম গ্রেফতার হন। দুই বছর পর জেল থেকে মুক্তি পেয়ে ১৯৮৫ সালে আবার গ্রেফতার হন। ১৯৮৭ সালে হামাস গঠনের পর প্রতিষ্ঠাতা শেখ আহমেদ ইয়াসিনের আস্থাভাজন হয়ে ওঠেন। সিনওয়ার মাত্র ২৫ বছর বয়সে অভ্যন্তরীণ নিরাপত্তা সংস্থা আল মজিদ গঠন করেন। ১৯৮৮সালে দুই ইসরায়েলি সৈন্যকে অপহরন এবং হত্যার দায়ে ইসরায়েল তাকে যাবজ্জীবন কারাদণ্ড দেয়। সিনওয়ার তার জীবনের একটা বড়ো অংশ ১৯৮৮-সাল থেকে ২০১১ সাল পর্যন্ত (২৩ বছর) ইসরায়েল কারাগারে বন্দী জীবন যাপন করেন। এই দীর্ঘ কারাজীবন তাকে আরও কঠোর ও কঠিন করে তোলে। তিনি সব সময় ইসরায়েলকে ধংস করার চেষ্টা করেছেন। এবং ফিলিস্তিনে কোন ইহুদি অস্থিত্ব না থাকার পরিকল্পনা করেন। ২০১১ সালে ইসরায়েল কারাগার থেকে মুক্তি পেয়ে সরাসরি হামাসে যোগ দিয়ে দ্বিগুন শক্তি ও সাহসিকতার সাথে তার পরিকল্পনা বাস্তবায়নে মনোযোগী হন। তিনি মূলত হামাসের রাজনৈতিক শাখার প্রধান ইসমাইল হানিয়ার সেকেন্ড ইন কমান্ড হিসেবে কাজ করেন। এবং সমস্ত গাজাকে ইহুদি বাহিনীর বিরুদ্ধে টানেল নির্মাণ সহ বিভিন্ন ব্যাংকার খনন এবং বড়ো বড়ো দালানের ভিতর হামাসের ঘাটি স্থাপনের মাধ্যমে দীর্ঘস্থায়ী যুদ্ধের জন্য প্রস্তুত করেছিলেন। তিনি ভালোভাবেই জানতেন। এই যুদ্ধ শেষ হওয়ার নয়। যতদিন পর্যন্ত ইহুদি বাহিনীকে ফিলিস্তিনের মাটি থেকে বিতাড়িত বা উচ্ছেদ করা হয়েছে ,ততোদিন পর্যন্ত যুদ্ধ চলবে। এটা তাদের অস্তিত্বের প্রশ্নের লড়াই। এদিকে হামাসের পক্ষথেকে ইসরায়েলের সাথে রাজনৈতিক সমাধানের জন্য চেষ্টা অব্যাহত রেখেছিলেন। কিন্তু যখন দেখা গেল আমেরিকার মধ্যস্থতায় ফিলিস্তিনের সমস্যার সমাধান না করে আরব বিশ্বের সাথে ইসরায়েলের সম্পর্ক স্বাভাবিক করার চেষ্টা করা হচ্ছে। তা যদি হয়ে যায় তবে ফিলিস্তিনিদের দাবি চিরদিনের জন্য তামাদি হয়ে যাবে। তাই এই মধ্যস্থতা কার্যকর হওয়ার আগেই তাদের যা করার করতে হবে। সেজন্যেই সাতই অক্টোবর ২০২৩ সাল ছুটির দিনটি আক্রমনের সঠিক সময় হিসেবে বেছে নেওয়া হয়। হামাসের সামরিক শাখার কাসেম ব্রিগেডের প্রধান নেতা মোহাম্মদ দাইফকে উদ্বুদ্ধ করে মূল পরিকল্পনা ও মাস্টার মাইন্ড হিসেবে কাজ করেছিলেন ইয়াহিয়া সিনওয়ার। তাদের পরিকল্পনা এতো নিখুঁত ছিল যে ,সারা বিশ্বের উন্নত প্রযুক্তি অস্ত্র ,উচ্চশিক্ষায় প্রশিক্ষিত ইহুদি বাহিনীকে ফাকি দিয়ে ইসরায়েলের ভিতর ঢুকে ১২০০ ইহুদিকে হত্যা ,,এবং ২৫১ জনকে জিম্মি হিসেবে নিয়ে যাওয়া হয়। এই ঘটনার পর সারা পৃথিবী ব্যাপী হামাসের এই হামলায় আতংকিত হয়ে যায় । এবং ফিলিস্তিনিদের পক্ষথেকে পরিকার বার্তা দেওয়া হয় যে ফিলিস্তিনের মানুষের মূল সমস্যার সমাধান না করে অত্র এলাকার শান্তি আনা সম্ভব নয়। বিশেষ করে ইসরায়েলের ঘনিষ্ঠ মিত্র ইউরোপ , আমেরিকা স্তম্ভিত হয়ে যায়। আর ইসরায়েল হয়ে যায় বাকরুদ্ধ । এবং নেতানিয়াহু তার মিত্রদের নিয়ে বলেন , তাদের আত্ম রক্ষার অধিকার আছে।এর পর থেকে ই শুরু হয় একতরফা ভাবে ফিলিস্তিনের নিরিহ নারী পুরুষ শিশু উপর গনহত্যা। জাতিসংঘ সহ সারা পৃথিবীর মানুষ এর বিরুদ্ধে আন্দোলন সংগ্রাম করছে।স্থায়ীভাবে যুদ্ধ বিরতি , দ্বী জাতি ,এবং দুই রাষ্ট্রের সমমর্যাদার ভিত্তিতে স্থায়ীভাবে সমাধানের জন্য জাতিসংঘের দুই তৃতীয়াংশ দেশ একমত হলেও আমেরিকা ও তাদের মিত্রদের কুটচালের কারনে মুসলিম রক্তপিপাসু বেনইয়ামীন নেতানিয়াহু সবাইকে বৃদ্ধাংগুলি দেখিয়ে নিধন যজ্ঞ চালিয়ে যাচ্ছেন। এপর্যন্ত গাজায় ৪৩ হাজারের ও বেশি নারী ,পুরুষ ,শিশুকে হত্যা করা হয়েছে।লক্ষাধিক মানুষ আহত বিকলাঙ্গ হয়ে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন। সমস্ত গাজার বাড়ি ঘর, স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়ের, উপসনালয় রাস্তাঘাঠ, হাসপাতাল সব কিছু ধংস ↘ এরপর ২৮ পৃষ্ঠায়

> তার এই বীরত্বের মৃত্যু পৃথিবীর ইতিহাসে বিরল। ইয়াহিয়া সিনওয়ার ও তার উত্তরসূরী দেশপ্রেমিক হামাস যোদ্ধারা আত্মসমর্পন বা নিজের মাতৃভূমি ছেড়ে পালিয়ে যায় না। ফিনিক্স পাখির মতো বার বার ফিরে আসে। হাসিমুখে মৃত্যুকে আলিংগন অথবা সামনে স্বাধীন ফিলিস্তিনের সার্বভৌমত্ব এর বিকল্প তাদের কাছে নেই

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# শেষ বলে কিছু থাকা উচিত

> রাজনীতি শুধু রাজনীতিবিদই করতে পারবে-তা নয়। গ্রিক দার্শনিক অ্যারিস্টটল বলেছেন, 'মানুষ স্বভাবতই একটি রাজনৈতিক প্রাণী।' তাই দক্ষ, আন্তরিক, আগ্রহী কাউকে বাধা দেওয়া যাবে না। নানা পেশার মানুষই রাজনীতিকে সমৃদ্ধ করেছে। তবে নিজ নিজ পেশার অভিজ্ঞতা নিয়ে জনকল্যাণের রাজনীতিকেই অগ্রাধিকার দিতে হবে। চিহ্নিত স্বাধীনতাবিরোধী, স্বৈরাচার বা তাদের দোসর, সন্ত্রাসী বা দুর্নীতিবাজদের রাজনীতির বাইরে থাকাই ভালো। যোগ্যদের হাতে থাকলে রাজনীতি তার হারানো সম্মান ফিরে পাবে। সে ক্ষেত্রে একজন ব্যবসায়ীর ভালো রাজনীতিবিদ হতে পারেন। মার্কিন ব্যবসায়ী হেনরি ফোর্ড মনে করেন, 'রাজনীতিকে সৎ রাখতে পারে একটি মাত্র উদ্দেশ্য, তা হলো দেশ এবং তার জনগণের জন্য ভালো কিছু করার উদ্দেশ্য'

**ইলিয়াস হোসেন**



প্রেমের পরিণতি বিয়ে। সংসারে অশান্তির পরিণাম তালাক। আলোচনা ভেঙে গেলে যুদ্ধ। আবার আলোচনা ফলপ্রসূ হলে যুদ্ধের সমাপ্তি। এরকম সবকিছুরই শেষ আছে। শুধু নেই রাজনীতিতে। আধুনিক রাজনীতির এ এক ভণ্ডামির ফাঁকি। 'রাজনীতিতে শেষ বলতে কিছুই নেই'- যুক্তরাজ্যের সাবেক প্রধানমন্ত্রী বেনজামিন ডিসরাইলির এ আপ্তবাক্যের সুযোগ নিয়ে বছরের পর বছর রাজনীতির অবনমন ঘটিয়ে চলেছে সুযোগসন্ধানীরা। ব্যক্তিগত উন্নতির আশায় সবলের চামচামি আর দুর্বলের প্রতি আগ্রাসী আচরণ করে তারা। দ্রুত প্রভাবশালী হতে গিয়ে রাজনৈতিক ঐতিহ্যকে বিপর্যয়ের দিকে ঠেলে দেয়। ক্ষমতা ও প্রভাব বজায় রাখতে নীতিনৈতিকতা বিসর্জন দেয় তথাকথিত রাজনীতিবিদরা। কেতাবি আদর্শের কথা বলে দলকে গোয়ালে পরিণত করতেও দ্বিধা করেন না। দেশের স্বার্থ জলাঞ্জলি দিয়ে ভোটের লাভ দেখে হাইব্রিড নেতারা।

তিলকে তাল, তালকে তিল করার নোংরা খেলায় অশ্লীল বিনোদন ছাড়া সাধারণ জনগণের তেমন কোনো লাভ হয় না। তবু দিনের পর দিন শত শত কর্মঘণ্টা নষ্ট করছে অতিউৎসাহী জনতা। ভারতীয় চিন্তাবিদ ওশো মনে করেন, 'রাজনীতি একটা খেলা, চালাক লোকেরা খেলে আর মূর্খরা দিনভর সেটা চর্চা করে।' অথচ রাজনীতি বিরাট গুরুত্বপূর্ণ বিষয়। রাজনীতির বাইরে কিছু না। রাষ্ট্র-দেশপ্রেম-মানবাধিকার-যুদ্ধ-বাণিজ্য-জন্ম-মৃত্যু-বিয়ে-শিক্ষা-স্বাস্থ্য-বিনোদন সবকিছুই রাজনীতি দ্বারা নিয়ন্ত্রিত। রাষ্ট্রীয় আইন ও নীতি দ্বারা সব পরিচালিত হয়। আর দলীয় আদর্শ ও এজেন্ডা মেনে এসব নিয়মনীতি তৈরি করেন রাজনীতিবিদরা। গণতান্ত্রিক রাষ্ট্রে নির্বাচিত নেতারাই হন আইনপ্রণেতা। সরকার গঠনে আইনপ্রণেতা কেনাবেচা এবং পরস্পরবিরোধী আদর্শের দল জোটে টানা উপমহাদেশের রাজনীতিতে অতিপরিচিত সাধারণ ঘটনা।

শুধু গণতান্ত্রিক, সমাজতান্ত্রিক নয়, রাজতন্ত্র বা স্বৈরতন্ত্রের দেশেও রাজনীতি খুবই প্রয়োজনীয় বিষয়। কিন্তু দুঃখের বিষয়, বিজ্ঞানের আকাশ-বাতাস-মাটি-পানি নানা শাখায় বিশ্বসেরা মেধাবীদের প্রতিযোগিতা দেখা গেলেও রাষ্ট্রবিজ্ঞানে তাদের আগ্রহ কম। অথচ রাষ্ট্র পরিচালনাকারী রাজনীতিবিদ হন অন্যান্য শাখার মেধাবীদের ভাগ্য নিয়ন্ত্রক। এটা শুধু বাংলাদেশ, এশিয়া বা গরিব রাষ্ট্র নয়, উন্নতদের বেলায়ও করুণ বাস্তবতা। কৃত্রিম মানুষ (রোবট) বানিয়ে তাকে দিয়ে দ্রুততম সময়ে জটিল ও কঠিন কাজ করাতে পারছে মেধাবী বিজ্ঞানীরা। কিন্তু রক্ত-মাংসের তৈরি মাটির মানুষ পরিচালনার ঝুঁকি নিতে চায় না মেধাবীরা। ফলে রাজনীতিতে সহজেই অনুপ্রবেশ করে অসৎ, ধান্দাবাজ, অমানুষ প্রকৃতির লোক। নিজেদের স্বার্থে সাধারণ মানুষের জানমাল নিয়ে খেলে তারা। সম্মোহনী প্রতিভার মাধ্যমে নিরীহ জনতার আবেগ দুষ্টু ভাইরাসের মতো ব্যবহার করে। দুনিয়াজুড়ে এই হয়ে আসছে যুগে যুগে। এরই মধ্যে রাজনীতিতে কিছু উদ্যমী, ভালো মানুষ থাকায় সভ্যতা এসেছে, পৃথিবী এগিয়েছে। যদিও নেতৃত্বের দোষ-গুণ বিচারে পৃথিবীর আগানো-পেছানো নিয়ে নানা বিতর্ক চলমান দুনিয়াজুড়ে। আর বাংলাদেশ তো দিনের মধ্যে কয়েকবার আগু-পিছু করে। প্রতিদ্বন্দ্বী রাজনীতিবিদদের বাক্যবাণে প্রতিনিয়ত কম্পমান ছাপ্পান্ন হাজার বর্গমাইল। এসব ক্যাচালে দেশটির টিকে থাকাটাই রীতিমতো বিস্ময়ের। হুমকি-ধমকির রাজনীতি পুরোপুরি সত্যি হলে খেটে খাওয়া মানুষ আর খাটে ঘুমাতে পারত না। প্রতি মুহূর্তে খাটিয়ার দুঃস্বপ্ন নিয়ে অসাড় হয়ে থাকত। কিন্তু কী করা যাবে! দেশ চালাতে শেষ পর্যন্ত রাজনীতিবিদকেই বেছে নিতে হয়।

এর আগেও একাধিকবার মেধাবী, বিশেষজ্ঞ ব্যক্তিত্ব দ্বারা রাষ্ট্র পরিচালনার পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছে। তাতে শেষরক্ষা হয়নি। ফিরে যেতে হয়েছে রাজনীতিবিদের কাছে। কেননা, সব মানুষ সুশীল হয় না। আস্তিক-নাস্তিক-চোর-বাটপার-পরিশ্রমী-সৎ-ভণ্ড-মেধাবী-উদ্যোক্তা-লুটেরা সব নিয়েই জনগণ। তাদের পরিচালনার জন্য রাষ্ট্রবিজ্ঞান জরুরি। আর এর প্রয়োগে বিজ্ঞানী হলো রাজনীতিবিদ। যদিও তারুণ্যের জনপ্রিয় কবি রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ তার 'হাড়েও ঘরখানি' কবিতায় লিখেছেন, "বেশ্যাকে তবু বিশ্বাস করা চলে/ রাজনীতিকের ধমনী শিরায় সুবিধাবাদের পাপ"। রুদ্র নিজেও ছাত্রনেতা ছিলেন। রাজনৈতিক মারপ্যাচে পড়ে তার এই কাব্যিক অনুভূতি হতে পারে। রাজনীতিতে কোনো নাগরিককেই ছোট করে দেখার সুযোগ নেই। বেশ্যা-ব্যবসায়ী-আমলা-পুরোহিত-কবি-বেকার-শিক্ষার্থী সবার মন জয় করতে হয় রাজনীতিবিদকে। অত্যাবশ্যকীয় এ মাধ্যমে সম্মানের পাশাপাশি সম্পদ অর্জনের অপার সম্ভাবনা থাকায় অনিবার্যভাবে সুবিধাবাদী লোক ঢুকে পড়ে। তবে একজন সফল ব্যবসায়ী বা আমলার চেয়ে একজন রাজনীতিবিদকে অনেক বেশি ধকল সহ্য করত হয়। তা ছাড়া জনসম্পৃক্ত না থাকলে রাজনীতিবিদের সফলতার সম্ভাবনা নেই বললেই চলে।

পেশাদার রাজনীতিবিদদের মধ্যে একসময় আইনজীবী ও শিক্ষকরা ছিলেন অগ্রগণ্য। জনসম্পৃক্ততা ও পেশার কারণে দেশপ্রেম এবং সততা চর্চার অভ্যাস ছিল তাদের। ক্ষমতার রাজনীতিকে কেন্দ্র করে দিনে দিনে ব্যবসায়ী ও আমলাদের বাম্পার ফলন হয়েছে রাজনীতিতে। গত দেড় দশকে শেখ হাসিনা ক্ষমতাকে পাকাপোক্ত এরপর ২২ পৃষ্ঠায়









কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# তারেক রহমান যেভাবে 'জনাব' ও 'সাহেব' হয়ে গেলেন

হাছান মাহমুদের মুখে নিজের নামের আগে 'জনাব' পরে 'সাহেব' শুনে মির্জা ফখরুল খুশি হবেন বলে ভেবেছিলাম। কিন্তু তিনি হাছান মাহমুদের কথাকে 'ভূতের মুখে রামনাম' এবং 'এ কথা শুনলে ঘোড়াও হাসবে' বলে উড়িয়ে দিয়েছেন। বিএনপির আরেক নেতা আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, 'তিনি তো (হাছান মাহমুদ) দেশ থেকে পালিয়ে গেছেন। তার কথার জবাব দেওয়ার কিছু নেই।' তিন মাস আগে যে দলটি প্রায় সীমাহীন ক্ষমতাধর ছিল; সেই দলের একজন নেতা এখন বলছেন, বিএনপির সঙ্গে তাঁরা কাজ করতে চান। আর সে সময়কার নিশ্চিহ্নপ্রায় দল বিএনপির নেতারা এখন সে প্রস্তাবে পাত্তা না দিয়ে বলছেন, 'এসব কথা শুনলে ঘোড়াও হাসবে'। অন্তত এইটুকুই যে কোনো রাজনীতিকের নিজের ভুল নিজের বিবেকের পাল্লায় মেপে দেখার হুঁশিয়ারি হিসেবে যথেষ্ট। আহা, সময় কী বলবান! আহা, নিয়তি কী কৌতুকময়!

**সারফুদ্দিন আহমেদ**



ক্ষমতাচ্যুত সরকারের ক্ষমতাচ্যুত পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হাছান মাহমুদ রোববার লন্ডনভিত্তিক 'চ্যানেল এস' টেলিভিশনে অজ্ঞাত স্থান থেকে দেওয়া সাক্ষাৎকারে কথাবার্তা বলেন।

লোকে আপনাআপনি কারও নামের আগে 'জনাব' আর শেষে 'সাহেব' জুড়ে দিলে বুঝতে হবে, সেই লোক যে সে লোক না। বুঝতে হবে, সেই লোক নামজাদা। বুঝতে হবে, সেই লোক সম্মানিত এবং ক্ষমতাধর। এক সময় পারস্যের শাহানশাহদের দরবারে প্রাদেশিক সিনিয়র মন্ত্রীদের আনুষ্ঠানিক টাইটেল ছিল 'জনাব'।

আর দুই শ বছর শাসন করা বিলাতি সাহেবদের তো আমরা চিনিই। এই কারণে কারও নামের আগে 'জনাব', পরে 'সাহেব' বসালে নামটা কত ওজনদার হয়, তা আমরা বুঝি। ধরা যাক, হাবুল নামের এক লোকের সঙ্গে বাবুল নামের আরেক লোকের সাপে-নেউলে সম্পর্ক। হাবুল বছরের পর বছর ধরে হাটে-ঘাটে-মাঠে যেখানে সুযোগ পেয়েছে, সেখানেই বাবুলকে চোরচোট্টা বলে গালি দিয়ে আসছে।

আচমকা একদিন দেখা গেল, হাবুল ভরা হাটে সবার সামনে বলছে, 'জনাব বাবুল সাহেবের অনেক কথার সঙ্গে আমি একমত। আমি তাঁর সঙ্গে কাজ করতে চাই।'

এই অবস্থায় 'সুধী দর্শক-শ্রোতামণ্ডলীর' ধাক্কা খাওয়া ছাড়া গতি থাকার কথা না।

ক্ষমতাচ্যুত সরকারের ক্ষমতাচ্যুত পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হাছান মাহমুদ গেল রোববার লন্ডনভিত্তিক 'চ্যানেল এস' টেলিভিশনে অজ্ঞাত স্থান থেকে দেওয়া সাক্ষাৎকারে যেসব কথাবার্তা বলেছেন, তার সঙ্গে ওপরোক্ত হাবুল-বাবুল বিষয়ক কল্পিত কাহিনির মিল আছে। ওই সাক্ষাৎকারে হাছান মাহমুদ খুব তমিজের সঙ্গে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নামের আগে 'জনাব' এবং পরে 'সাহেব' বসিয়ে বক্তব্য দিয়েছেন।

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরেরও নামের আগে-পরে এই দুটি সম্মান ও সম্ভ্রমসূচক বিশেষণ জুড়ে দিয়েছেন।

তিনি বলেছেন, 'আমি বিএনপির সাথে অনেক ক্ষেত্রে একমত।...এখন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান সাহেব কিংবা বিএনপির মহাসচিব জনাব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সাহেব যে বক্তব্যগুলো দিচ্ছেন, সেগুলোর অনেকগুলোর সাথে আমরা একমত।'



আওয়ামী লীগের বিগত ১৫ বছরের শাসনামলে দলটির কোনো নেতা-কর্মী কিংবা কোনো সমর্থক তারেক রহমানকে প্রকাশ্যে 'জনাব তারেক রহমান সাহেব' বলেছেন, এমন নজির নেই।

তবে তারেক রহমানকে 'বিশ্বচোর', 'দুর্নীতির বরপুত্র' 'রাজাকারপুত্র' ইত্যাদি অভিধায় 'অভিষিক্ত' করার এত রেকর্ডপত্র ইন্টারনেটে আছে যার সব এই লেখায় উল্লেখ করা কলেবরগত কারণে সম্ভব নয়।

তবে এটুকু বলতে পারি, ২০১৬ সালের ১৪ মার্চ হাছান মাহমুদ এক সভায় বলেছিলেন, 'দেশের মানুষ ২০১৩ ,২০১৪ ও ২০১৫ সালে দেখেছে তারেক রহমান লন্ডনে বসে দেশে বিএনপি-জামায়াতের জঙ্গি-সন্ত্রাসীদের দিয়ে নৈরাজ্য চালিয়েছিলেন। বিএনপি ক্ষমতায় থাকাকালীন দেশের মানুষের হাজার হাজার টাকা বিদেশে পাচার করেছিলেন দুর্নীতির এ বরপুত্র।'

'আওয়ামী লীগকে সরিয়ে তারেককে বীরের বেশে বাংলাদেশে আনতে হবে'-বিএনপির মহাসচিবের এমন বক্তব্যের সমালোচনা করে হাছান মাহমুদ ওই বছরের ২৫ জুলাই তারেক রহমানকে 'আন্তর্জাতিকভাবে স্বীকৃত চোর' বলে গালিগালাজ করেছিলেন।

২০২৪ সালের ৪ জুন হাছান মাহমুদ এও বলেছিলেন, 'দুর্নীতি, দুঃশাসনের বরপুত্র বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। আর মির্জা ফখরুল তাদের মুখপাত্র।'

২০২৩ সালের ২৮ জুলাই আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছিলেন, 'তারেক জিয়া চোর হ্যায়, গালি গালি মে শ্যোর হ্যায়'।

২০২৩ সালের ১২ নভেম্বর সে সময়কার প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছিলেন, 'এতিমের টাকা আত্মসাৎ করে খালেদা জিয়া জেলে। আমি দয়া করে তাকে বাসায় থাকার অনুমতি দিয়েছি, আমার ক্ষমতাবলে। তার ছেলে তারেক জিয়া, রাজনীতি না করার মুচলেকা দিয়ে লন্ডন গিয়ে বসে আছে।...ওখান থেকে আগুন জ্বালাতে বলে। আরে ব্যাটা তোর যদি সাহস থাকে তাহলে বাংলাদেশে ফিরে আয়, আমরা একটু দেখি।'

আওয়ামী লীগের ওপরের সারির নেতারা তারেক রহমানকে যা হোক অপেক্ষাকৃত প্রমিত ভাষায় 'চোর', 'খুনি' 'সন্ত্রাসী' আখ্যা দিয়েছিলেন; শেখ হাসিনাসহ কেউ কেউ 'তুই তোকারি' করে সম্বোধনও করেছিলেন।


কিন্তু দলটির জেলা পর্যায়ের কোনো কোনো নেতা প্রকাশ্য জনসভায় রীতিমতো মাইকে তারেক রহমানের নামের সঙ্গে কথ্যভাষার এমনসব বিশেষণ যুক্ত করেছিলেন যা হাছান মাহমুদসহ যেকোনো শিক্ষিত লোকের কাছে অকথ্য এবং শোনা কঠিন। সেসব বিশেষণকে লোকে অতি নিম্নশ্রেণির গালিগালাজ বলে থাকে।

তারেক রহমানকে এসব অশ্রাব্য গালিগালাজ করার কারণে আওয়ামী লীগের পক্ষ থেকে কাউকে কখনো ভর্ৎসনা করা হয়েছে বলে শোনা যায়নি। বরং এরপর ২২ পৃষ্ঠায়

# ধর্ষণ, ক্ষমতার রাজনীতি ও বোকামির মূল্য

বলা বাহুল্য, তাঁরা এখন চেয়ারে নেই। চেয়ার দখলের দৌড়ে যাঁরা এগিয়ে আছেন, এখন তাঁদের প্রতাপ দেখানোর সময় বৈকি! মহারাষ্ট্র থেকে বাংলা লুট করতে আসা বর্গিরা অবাধে ধর্ষণ করেছে। হানাদার পাকিস্তানিরা আর তাদের দোসররাও দখলদারত্বকে পাকাপোক্ত করার অস্ত্র হিসেবে ধর্ষণকে এগিয়ে রেখেছিল। তারা চলে গেলেও মুক্ত বাংলায় ধর্ষণ আর নারীর অসম্মান কি এক দিনের জন্যও বন্ধ ছিল? মুক্ত বাংলাদেশের প্রথম শহীদ দিবসের কথা অনেকেরই মনে থাকবে। সেদিন ঢাকার শহীদ মিনারে মধ্যরাতে পরিকল্পিতভাবে বাতি নিভিয়ে যা হয়েছিল, তার বিচার কোনো দিন হয়নি

**গওহার নঈম ওয়ারা**



কোম্পানীগঞ্জের চর এলাহী আর নোয়াখালীর সুবর্ণচরে মধ্যবাগ্যা গ্রামে ঘটনার মধ্যে আছে শুধু সময়ের ফারাক। ২০১৮ সালের ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচনের রাতে নোয়াখালীর সুবর্ণচরের মধ্যবাগ্যা এলাকায় স্বামী-সন্তানদের বেঁধে রেখে এক নারীকে মারধর ও দলবদ্ধ ধর্ষণ করা হয়। তখন বলা হয়েছিল, ওই নারী 'বেয়াদবি' করেছিলেন। ভোটকেন্দ্রে থাকা ব্যক্তিদের পছন্দের প্রতীকে ভোট দেননি তিনি। এ তো অনেক বড় অপমান! গরিব এক সামান্য নারীর এই অসামান্য সাহস আসে কোথা থেকে? এসবের 'উচিত সাজা' হিসেবে ওই হামলা ও ধর্ষণের ঘটনা ঘটে।

ভোটের রাত বলেই হোক বা অন্য কোনো অজানা কারণেই হোক, ঘটনাটি তখন দেশে-বিদেশে ব্যাপক আলোচিত হয়। নির্যাতিতার স্বামী থানা-পুলিশ, কোর্ট-কাছারি করতে নানা বাধার সম্মুখীন হলে সেটাও প্রচার পায়। অনেক বাঁক পেরিয়ে শেষ পর্যন্ত মামলা রুজু হয়। ঘটনার খোসা ছাড়াতে গিয়ে দেখা যায়, ভোটকেন্দ্রের পাহারায় থাকা সুবর্ণচর উপজেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক ও ইউপি সদস্য রুহুল আমিন তাঁর দলবল নিয়ে ধর্ষণের উদ্দেশ্যেই হামলা করেছিলেন নারীর বাড়িতে।

মাঠ ফাঁকা বলেই অপরাধ, নির্যাতন করেও যে কেউ তখত-ই-তাউসে পৌঁছে যাবে বলে মনে করলে তাঁরা নিতান্তই বোকার মূল্য খাচ্ছেন

ক্ষমতায় তখন কর্তৃত্ববাদী সরকার। তাদের সেই প্রতারণামূলক আপ্তবাক্য, 'অপরাধী যে-ই হোক, কাউকে কোনো ছাড় দেওয়া হবে না, আইন তার নিজের গতিতে চলবে' প্রচার হতে থাকল টক শো আর মিডিয়া শোতে।

বলা বাহুল্য, তাঁরা এখন চেয়ারে নেই। চেয়ার দখলের দৌড়ে যাঁরা এগিয়ে আছেন, এখন তাঁদের প্রতাপ দেখানোর সময় বৈকি! মহারাষ্ট্র থেকে বাংলা লুট করতে আসা বর্গিরা অবাধে ধর্ষণ করেছে। হানাদার পাকিস্তানিরা আর তাদের দোসররাও দখলদারত্বকে পাকাপোক্ত করার অস্ত্র হিসেবে ধর্ষণকে এগিয়ে রেখেছিল। তারা চলে গেলেও মুক্ত বাংলায় ধর্ষণ আর নারীর অসম্মান কি এক দিনের জন্যও বন্ধ ছিল? মুক্ত বাংলাদেশের প্রথম শহীদ দিবসের কথা অনেকেরই মনে থাকবে। সেদিন ঢাকার শহীদ মিনারে মধ্যরাতে পরিকল্পিতভাবে বাতি নিভিয়ে যা হয়েছিল, তার বিচার কোনো দিন হয়নি। আরও পরে বাংলা নববর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় নারীদের অসম্মান করাকে তদানীন্তন পুলিশপ্রধান প্রকাশ্যে আশকারা দিয়ে বলেছিলেন, 'তরুণেরা একটু দুষ্টামি করেছে।'

এখন প্রতাপ প্রতিষ্ঠায় মরিয়ারা একই পথে হাঁটছেন। সুবর্ণচরের ঘটনার ছয় বছর পর গত ২০ অক্টোবর দিবাগত রাতে কোম্পানীগঞ্জের চর এলাহীতে প্রায় একই কায়দায় মা ও মেয়েকে ঘর থেকে তুলে নিয়ে দলবদ্ধ ধর্ষণের ঘটনা ঘটিয়েছে ক্ষমতার দিকে তাকিয়ে থাকা দলের সদস্যরা।

আবদুল মতিন ওরফে তোতা চেয়ারম্যানের সঙ্গে বিএনপির সম্পৃক্ততার কথা কারও অজানা নয়। বিএনপির চর এলাহী শাখার সাবেক সভাপতির ছেলে ইব্রাহিমসহ ছয়জনের নাম এসেছে এই ধর্ষণ ঘটনার আসামি হিসেবে। আসামি ইব্রাহিমের বড় ভাই মো. ইসমাইল ইউনিয়ন যুবদলের সাবেক সভাপতি। জানা যাচ্ছে, আসামিরা যুবদলের রাজনীতির সঙ্গে জড়িত। হতে পারে ইব্রাহিম ছেলে ভালো! বিপক্ষের লোকেরা ষড়যন্ত্র করে ভালো ছেলেটাকে ফাঁসিয়ে দিয়েছে! আদালত কিন্তু এখন পর্যন্ত এই ষড়যন্ত্রতত্ত্বে প্রাণ প্রতিষ্ঠা করতে পারেনি। ধর্ষণের ঘটনা কাউকে জানালে হত্যা করা হবে-এমন হুমকি দিয়ে গেলেও ভুক্তভোগীরা ঘটনার এরপর ৫৩ পৃষ্ঠায়



২০১৮ সালের ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচনের রাতে নোয়াখালীর সুবর্ণচরের মধ্যবাগ্যা এলাকায় স্বামী-সন্তানদের বেঁধে রেখে এক নারীকে মারধর ও দলবদ্ধ ধর্ষণ করা হয়। তখন বলা হয়েছিল, ওই নারী 'বেয়াদবি' করেছিলেন। ভোটকেন্দ্রে থাকা ব্যক্তিদের পছন্দের প্রতীকে ভোট দেননি তিনি। এ তো অনেক বড় অপমান! গরিব এক সামান্য নারীর এই অসামান্য সাহস আসে কোথা থেকে? এসবের 'উচিত সাজা' হিসেবে ওই হামলা ও ধর্ষণের ঘটনা ঘটে। ভোটের রাত বলেই হোক বা অন্য কোনো অজানা কারণেই হোক, ঘটনাটি তখন দেশে-বিদেশে ব্যাপক আলোচিত হয়। নির্যাতিতার স্বামী থানা-পুলিশ, কোর্ট-কাছারি করতে নানা বাধার সম্মুখীন হলে সেটাও প্রচার পায়। অনেক বাঁক পেরিয়ে শেষ পর্যন্ত মামলা রুজু হয়

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

৭৪৯+
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত






স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল



DELTA AIR LINES · Biman BANGLADESH AIRLINES · American Airlines · ETIHAD · Emirates · QATAR AIRWAYS · KUWAIT AIRWAYS

দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ



মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ

7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

Phone: 917-396-4140, 917-592-7828

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.

# সাতই নভেম্বর ও জেনারেল জিয়া


৭ নভেম্বর দেশে ঐতিহাসিকভাবে 'জাতীয় বিপ্লব ও সংহতি দিবস' হিসাবে পালিত হয়। ১৯৭৫ সালের এই দিনে বাংলাদেশে এক রাজনৈতিক পালাবদল ঘটে এবং সিপাহি-জনতার এক অভ্যুত্থানের মাধ্যমে তৎকালীন রাজনৈতিক প্রেক্ষাপটে ব্যাপক পরিবর্তন আসে এবং একইসঙ্গে জিয়াউর রহমানের নেতৃত্বে ক্ষমতার ভারসাম্য তৈরি হয়। বিভিন্ন রাজনৈতিক দল এবং গোষ্ঠী ৭ নভেম্বরকে ভিন্ন ভিন্ন দৃষ্টিকোণ থেকে দেখেন; তবে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এ দিনটিকে 'জাতীয় বিপ্লব ও সংহতি দিবস' হিসাবে উদযাপন করে, যা তাদের মতে দেশের সার্বভৌমত্ব রক্ষা ও গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। দিনটি নিয়ে নানা মতভেদ থাকলেও এটি বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এক গুরুত্বপূর্ণ অধ্যায়।

৭ নভেম্বরের মূল চরিত্রগুলোর মধ্যে রয়েছেন কর্নেল আবু তাহের, ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ এবং মেজর জেনারেল জিয়াউর রহমান। তাদের লক্ষ্য, উদ্দেশ্য এবং স্ব স্ব অবদানের বাইরেও রয়েছে ঘটনাটি ঘিরে অনেক বিতর্ক। খালেদ মোশাররফ ৩ নভেম্বর ১৯৭৫ সালে অভ্যুত্থান করেন। তার মূল উদ্দেশ্য ছিল সেনাবাহিনীর অভ্যন্তরে শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং শেখ মুজিবুর রহমান হত্যা-পরবর্তী বিশৃঙ্খল পরিস্থিতি নিয়ন্ত্রণ করা। সেনাবাহিনী থেকে শেখ মুজিবের হত্যাকাণ্ডে জড়িত ব্যক্তিদের সরিয়ে দেওয়ার মাধ্যমে খালেদ মোশাররফ সামরিক শৃঙ্খলা প্রতিষ্ঠায় ভূমিকা রাখার চেষ্টা করেন। তবে তার এ প্রচেষ্টা দীর্ঘস্থায়ী হয়নি বরং তার নেতৃত্ব দীর্ঘস্থায়ী না হওয়ায় এবং মাত্র চার দিনের মাথায় ব্যর্থ হয়ে ক্ষমতা হারানোয় তার সিদ্ধান্ত ও কার্যক্রম নিয়ে বিতর্ক রয়েছে। অনেকেই মনে করেন, তিনি সামরিক অভ্যুত্থান করে পরিস্থিতি আরও জটিল করেছিলেন, যা শেষ পর্যন্ত তার মৃত্যুর কারণ হয়।

আবার লেফটেন্যান্ট কর্নেল আবু তাহের একজন মুক্তিযোদ্ধা এবং বামপন্থি রাজনীতির অনুসারী ছিলেন। তার উদ্দেশ্য ছিল গণতান্ত্রিক ও সমাজতান্ত্রিক পরিবর্তন আনা এবং সৈনিকদের মধ্যে উদীয়মান উত্তেজনা ও অসন্তোষকে কাজে লাগিয়ে ক্ষমতার ভারসাম্য পুনঃপ্রতিষ্ঠা করা। তিনি মনে করতেন, সাধারণ সৈনিক ও নিম্নপদস্থ কর্মকর্তাদের শক্তি দিয়ে সমাজতান্ত্রিক বিপ্লব ঘটানো সম্ভব ভেবেই তাহের ৭ নভেম্বরের সিপাহি-জনতার বিপ্লবে নেতৃত্ব দেওয়ার চেষ্টা করেন। তার নেতৃত্বে জিয়াউর রহমানকে মুক্ত করা হলেও তাহেরের বিতর্কিত ভূমিকার কারণে একদিকে তাকে বিপ্লবী নেতা হিসাবে দেখা হয়, যিনি সাধারণ সৈনিকদের পক্ষে অবস্থান নিয়েছিলেন; অন্যদিকে তাকে ক্ষমতার অস্থিতিশীলতা ও বিশৃঙ্খলা তৈরির জন্য দায়ী করা হয়। যার ফলস্বরূপ জিয়াউর রহমানের সরকারের সময় তাকে গ্রেফতার করা হয় এবং ১৯৭৬ সালে একটি সামরিক আদালতের বিচারে তার মৃত্যুদণ্ড কার্যকর করা হয়।

৭ নভেম্বর সিপাহি-জনতার এক অভ্যুত্থানের মাধ্যমে জিয়াউর রহমানকে কারাগার থেকে মুক্ত করা হয় এবং এ দিন জিয়াউর রহমানের ভূমিকা ছিল বাংলাদেশের রাজনৈতিক পটপরিবর্তনে অত্যন্ত গুরুত্বপূর্ণ, যদিও তিনি

মেজর রেজাউল করিম (অব.)



তখন একজন সেনাপ্রধান হিসাবে দায়িত্ব পালন করছিলেন। উল্লেখ্য, ১৫ আগস্ট ১৯৭৫-এ শেখ মুজিবুর রহমান হত্যাকাণ্ডের পর দেশে রাজনৈতিক অস্থিতিশীলতা চলছিল এবং ক্ষমতার ভারসাম্য নিয়ে সেনাবাহিনীর অভ্যন্তরে নানা মতবিরোধ ও ষড়যন্ত্র হচ্ছিল। জিয়াউর রহমান অভ্যুত্থানের পর দ্রুত পরিস্থিতি সামাল দেন এবং দেশের সামরিক ও রাজনৈতিক ক্ষমতা নিয়ন্ত্রণে আনেন। পরবর্তী সময়ে তিনি দেশের রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব গ্রহণ করেন এবং বিএনপি প্রতিষ্ঠা করেন, যা বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে।

তার এ ভূমিকা বাংলাদেশের ইতিহাসে নানা দৃষ্টিকোণ থেকে বিবেচিত হয়। কেউ কেউ তাকে দেশের স্থিতিশীলতা ও জাতীয়তাবাদী ভাবধারার প্রতীক হিসাবে দেখে থাকেন। স্বাভাবিকভাবেই একটি প্রশ্ন আসতে পারে-'জিয়া না থাকলে কী হতো?' এ প্রশ্নটি কাল্পনিক এবং ঐতিহাসিক 'যদি' বিশ্লেষণের মধ্যে পড়ে, যে কারণে বিভিন্ন মত ও ধারণা তৈরি হতে পারে। তবে কিছু সাধারণ দৃষ্টিকোণ থেকে বিষয়টি বিশ্লেষণ করা যেতে পারে।

১. রাজনৈতিক অস্থিরতা ও ক্ষমতার শূন্যতা : ৭ নভেম্বর ১৯৭৫-এর পর যদি জিয়াউর রহমান পরিস্থিতি সামাল না দিতেন বা তার ভূমিকা না থাকত, তাহলে সামরিক বাহিনীর অভ্যন্তরে আরও অস্থিরতা এবং ক্ষমতার লড়াই হতে পারত। এটি দেশের রাজনৈতিক পরিস্থিতিকে আরও অনিশ্চিত করে তুলতে পারত।

২. নেতৃত্বহীনতার সংকট : জিয়াউর রহমান ক্ষমতা গ্রহণ করে দেশের প্রশাসনিক কাঠামোকে শক্তিশালী করার চেষ্টা করেন এবং কিছু জরুরি নীতি প্রণয়ন করেন। তার অনুপস্থিতিতে হয়তো নেতৃত্বহীনতার কারণে দেশে রাজনৈতিক শূন্যতা তৈরি হতো, যা দীর্ঘমেয়াদি বিশৃঙ্খলা ও সংঘাত ডেকে আনতে পারত।

৩. রাজনৈতিক ধারার পরিবর্তন : জিয়া না থাকলে হয়তো বিএনপি প্রতিষ্ঠা হতো না এবং জাতীয়তাবাদী রাজনীতির একটি ভিন্ন ধারা গড়ে উঠত না। বাংলাদেশের রাজনৈতিক মানচিত্র ভিন্ন হতে পারত এবং ক্ষমতার ভারসাম্য পরিবর্তিত হতে পারত।

৪. অর্থনৈতিক নীতি ও উন্নয়ন : জিয়া ক্ষমতায় এসে দেশের অর্থনৈতিক উন্নয়নে বেশকিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেন। তার অনুপস্থিতিতে অর্থনৈতিক নীতি কিভাবে প্রণয়ন হতো বা দেশ কতটা উন্নতির পথে এগিয়ে যেত, তা নিয়ে জল্পনা করা যেতে পারে।

অবশ্যই এসব বিশ্লেষণ কাল্পনিক এবং বিকল্প ইতিহাসের ওপর নির্ভর করে, তাই সঠিকভাবে এরপর ৪৩ পৃষ্ঠায়





> জিয়াউর রহমান অভ্যুত্থানের পর দ্রুত পরিস্থিতি সামাল দেন এবং দেশের সামরিক ও রাজনৈতিক ক্ষমতা নিয়ন্ত্রণে আনেন। পরবর্তী সময়ে তিনি দেশের রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব গ্রহণ করেন এবং বিএনপি প্রতিষ্ঠা করেন, যা বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে। তার এ ভূমিকা বাংলাদেশের ইতিহাসে নানা দৃষ্টিকোণ থেকে বিবেচিত হয়। কেউ কেউ তাকে দেশের স্থিতিশীলতা ও জাতীয়তাবাদী ভাবধারার প্রতীক হিসাবে দেখে থাকেন। স্বাভাবিকভাবেই একটি প্রশ্ন আসতে পারে-'জিয়া না থাকলে কী হতো?' এ প্রশ্নটি কাল্পনিক এবং ঐতিহাসিক 'যদি' বিশ্লেষণের মধ্যে পড়ে, যে কারণে বিভিন্ন মত ও ধারণা তৈরি হতে পারে। তবে কিছু সাধারণ দৃষ্টিকোণ থেকে বিষয়টি বিশ্লেষণ করা যেতে পারে

# তোমরা শ্রেষ্ঠটা দেশকে দিয়েছো কিন্তু আমরা দিতে পারছি কি?

> মেয়েগুলোর প্রাপ্য সম্মানের পাশাপাশি তাদের বেতন-ভাতা ও সুযোগ-সুবিধা বৃদ্ধির দাবিটা যেন বজায় থাকে। মেয়েরা তাদের সেরাটা দিয়েছেন, আমাদেরও উচিৎ তাদেরকে সেরা কিছু দেয়া। দেশের জন্য যারা সম্মান বয়ে এনেছেন, আমাদেরও উচিৎ তাদের যথাযথ সম্মান দেয়া। শুধু সরকারের কাছে অনুরোধ মেয়েগুলোর এগিয়ে যাওয়ার পথকে সুগম করার ব্যবস্থা গ্রহণ করেন। কতধরনের উন্নয়ন প্রকল্প হতে নেয়া হয়, এবারে মানব উন্নয়নের জন্য মাঠ থেকে উঠে আসা এই মেয়েগুলোকে সহায়তা দিন। জয়ীদের মর্যাদা ও নিরাপত্তা দেয়ার পাশাপাশি, বিভিন্ন গোষ্ঠীর জুলুমের হাত থেকে তাদের রক্ষা করতে হবে। মেয়েরা আমরা তোমাদের জন্য কিছুই করিনি, কিন্তু তোমরা তোমাদের শ্রেষ্ঠটা দেশকে দিয়েছো। তোমাদের সালাম

শাহানা হুদা রঞ্জনা



কখনো কখনো মানুষের জীবনে এমন অর্জন যোগ হয়, যা তার কল্পনাকেও ছাড়িয়ে যায়। সেই অর্জন এতটাই বড় হয়, যা পুরো জাতির জন্য সম্মান বয়ে আনে। হ্যাঁ আমি আমাদের সাফজয়ী মেয়েদের কথা বলছি। তাদের সেই অর্জনের কথা বলছি, যা দেশকে সম্মানিত করেছে। একদম তৃণমূল থেকে উঠে আসা সেইসব মেয়ে জীবনের অসংখ্য প্রতিকূলতা ও দারিদ্র্যকে জয় করে নিজেদের প্রতিষ্ঠিত করেছে। বাংলাদেশের নারী ফুটবল দলের অধিনায়ক সাবিনা খাতুন এবং স্ট্রাইকার ঋতুপর্ণা চাকমা ইউরোপের এমন একটি ক্লাবে খেলার জন্য ডাক পেয়েছেন, যেটি বর্তমানে উত্তর ম্যাসেডোনিয়ান নারী লীগের তালিকায় শীর্ষে রয়েছে। সেটাও বাংলাদেশের জন্য খুব গর্বের। আমরা তাদের স্যালুট জানাই।

আমাদের নারী ফুটবলাররা শিরোপা জয়ের পর জানতে পারলাম মেয়েরা গত দুইমাস বেতন পাননি। কী অমানবিক আচরণ। এমনিতেই নানাধরনের অভাব ও বাধাবিঘ্ন রয়েছে, এর উপর যখন তাদের প্রাপ্য বেতনটাও পান না, তখন বুঝতে হবে এই মানুষগুলোর অবস্থান প্রান্তিক, এরা অবহেলিত। আজকে শিরোপা জয় করে সবাইকে তাক লাগিয়ে দিয়েছে ঠিকই, কিন্তু আদতে তারা সমাজের পিছিয়েপড়া মানুষ।

এই মেয়েরা প্রায় প্রত্যেকেই ফুটবল খেলতে এসে নানাভাবে সামাজিক হেনস্তার শিকার হয়েছেন। এইতো সেদিন বাচ্চা হতে গিয়ে অতিরিক্ত রক্তক্ষরণে মারা গেলেন রাজিয়া। বিয়ের কথা গোপন করে পেটে সন্তান নিয়ে খেলেছেন সাফ জয়ী রাজিয়া। যে মেয়েগুলো আজকে ফুটবল ও ক্রিকেট খেলছে, এরা প্রায় সবাই এসেছেন গ্রাম থেকে। তাদের অধিকাংশের পরিবারই দিন এনে দিন খাওয়া মানুষ। এই মেয়েগুলো একবার গ্রামে ফিরে গেলে যেকোন সময়ে বাল্যবিয়ের শিকার হতে পারেন এবং হয়েছেনও।

২০১৭ সালে শেখ ফজিলাতুন্নেছা মুজিব সরকারি প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপে "হ্যাট্রিক কন্যার" খ্যাতি পেয়েছিলেন যে মেয়েটি, টুর্নামেন্টের সেরা খেলোয়াড়ের পদক নিয়েছিলেন যে মেয়েটি, সেই মেয়েটিও ফুটবল খেলা বাদ দিয়ে সংসার সামলাচ্ছেন। শুধু সে একা নয়, তার বিদ্যালয়ের ৭ জন কিশোরী ফুটবল খেলোয়াড়ও এখন বল না খেলে, সংসার করছেন। কারণ করোনাকালে তাদের বিয়ে হয়ে গেছে। কাজেই আজকের এই তারকারাও যে ঝরে যাবেন না, তা বলা যায় না।

যে মেয়েদের নিয়ে আমরা আজ গর্বিত হচ্ছি, জানিনা এই সমাজ ব্যবস্থায় তারা কিভাবে টিকে থাকবেন? হয়তো ফতোয়ার শিকার হতে হবে, কটূক্তি শুনতে হবে। এর আগেও নারী খেলোয়াড়রা হামলার শিকার হয়েছেন, আহত হয়েছেন। এই সমাজ নারীকে চলাফেরা করার, পছন্দ মতো পোশাক পরার, নিজের ইচ্ছামতো জীবন চালনার জন্য কতটা জায়গা করে দেবে, তা ভাবার বিষয়। আর তাই নারীকেই এদের বিরুদ্ধে ঘুরে দাঁড়াতে হবে এবং তা এখুনি। তাইতো কিশোরী ফুটবলার যখন বলেন, 'অতীতে ফুটবল খেলা নিয়ে অনেক কটূক্তির শিকার হয়েছি। এবার আহত করা হলো। হত্যার হুমকিও দেওয়া হলো। তবে আমি খেলা ছেড়ে দেব না। যতই বাধা আসুক, ফুটবলের সঙ্গে থাকব।' তারা বলেছেন, সমাজের নেতিবাচক মনোভাবের বিরুদ্ধে আমরা লড়াই চালিয়ে যাবো, তখন আমরাও যেন তাদের সঙ্গে হাত মেলাই।

যারা খেলছেন তারা যে শুধু সামাজিক বাধা জয় করে এসেছেন, তা নয়, অনেকে পরিবারের একমাত্র আয়ের অবলম্বন হয়েছেন। খেলে যেটুকু টাকা পান, তাই দিয়ে সংসার চালিয়ে নেন। এরা প্রায় সবাই গ্রামের খেটে খাওয়া পরিবার থেকে এসেছেন। আদিবাসী পরিবার থেকে এসেছেন আরো বেশি। গারো, চাকমা সমাজ নারী প্রধান পরিবার বলে হয়তো নারীরা বের হয়ে আসতে পেরেছেন।

